404/Beng.(C) UG/4th Sem/BNG-H-SEC-T-2/25

# ২০২৫
# বাংলা
## (অনার্স)
## স্কিল এনহ্যান্সমেন্ট কোর্স
## (সিবিসিএস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
## চতুর্থ সেমেস্টার
## কোর্স কোড : BNG-H-SEC-T-2
## (প্রতিবেদন, বিজ্ঞাপন ও গবেষণার রীতি-পদ্ধতি)
## [CBCS]

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) বিজ্ঞাপন কখন 'বিজ্ঞাপন সাহিত্য' হয়ে ওঠে?

খ) প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদনের কয়টি অংশ ও কী কী?

গ) বিজ্ঞপ্তি ও বিজ্ঞাপনের মধ্যে পার্থক্য কী?

ঘ) গবেষণার ক্ষেত্রে অলিখিত উপাদান গুলি কী কী?

ঙ) 'রিসার্চ' শব্দটির উৎপত্তিগত অর্থ লেখো।

(পরের পাতায়)

চ) ভারতবর্ষে প্রথম কপিরাইট আইন কবে চালু হয়?

ছ) গদ্যাংশ থেকে গৃহীত প্রত্যক্ষ উদ্ধৃতি ব্যবহারের দুটি নিয়ম লেখো।

জ) সটীক গ্রন্থপঞ্জি কাকে বলে? একটি উদাহরণ দাও।

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ব্যবসায়িক বিজ্ঞাপনের মাধ্যমে কী কী বিষয় জানা যায়? একটি ব্যবসায়িক বিজ্ঞাপনের দৃষ্টান্ত দাও।

খ) প্রতিবেদন রচনার ক্ষেত্রে প্রয়োজনীয় চারটি গুরুত্বপূর্ণ কৌশলের সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) গবেষণা কী? একটি উত্তম মানের গবেষণার প্রকৃত উদ্দেশ্য কী?

ঘ) গবেষণার অন্তর্গত 'Dissertation', 'Term Paper', 'Project Work' বিষয়গুলির পরিচয় দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বিজ্ঞাপন কাকে বলে? 'শহরে ফ্ল্যাট বিক্রয় হবে'— এই বিষয়ে একটি বিজ্ঞাপন খসড়া লেখো।

খ) পরিবেশগত চরিত্রের ভিত্তিতে বিভক্ত প্রতিবেদনগুলির অন্তর্গত বস্তুনিষ্ঠ প্রতিবেদন, তদন্তমূলক প্রতিবেদন ও উন্নয়নমূলক প্রতিবেদন সম্পর্কে আলোচনা করো।

গ) উদ্ধৃতিকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী? উদ্ধৃতি ব্যবহারের সাধারণ নিয়মগুলি আলোচনা করো।

ঘ) নমুনা স্বরূপ কয়েকটি বাংলা ও কয়েকটি ইংরেজি গ্রন্থপঞ্জির দৃষ্টান্ত দাও।

---